



কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) CONSUMERS ASSOCIATION OF BANGLADESH (CAB)

বাড়ী নং- ৮/৬ সেগুন বাগিচা
ঢাকা-১০০০, বাংলাদেশ
ফোন : ৮৮-০২ ৯৫৬২৮৫৮
ফ্যাক্স : ৯৫৭৭৪৫২

P.O. BOX-5071, NEW MARKET
DHAKA-1205
E-mail : cab@citech.net, cabdhaka2013@gmail.com
Website : www.consumerbd.org

HOUSE NO. 8/6 SEGUNBAGICHA
DHAKA-1000, BANGLADESH
PHONE : 88-02-9562858
FAX : 88-02-9577452

১৩ মার্চ ২০১৬

সংবাদ বিজ্ঞপ্তি

আগামী ১৫ মার্চ ২০১৬ বিশ্ব ভোক্তা অধিকার দিবস। সারাবিশ্বের ন্যায় বাংলাদেশেও এ দিবসটি দেশব্যাপী উদযাপন করা হবে। এ বছরে দিবসটির প্রতিপাদ্য হলো: 'Antibiotics Off the Menu' যার বাংলা অর্থ করা হয়েছে, 'এন্টিবায়োটিকমুক্ত খাবারকে না বলুন'। এবছর কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর যৌথভাবে একটি সেমিনার আগামীবার মঙ্গলবার ১৫ মার্চ ২০১৬ তারিখে ১, কারওয়ান বাজার, টিসিবি ভবনের মিলনায়তনে (২য় তলা), ঢাকায় বিকেল ৩:০০টায় অনুষ্ঠিত হবে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় বাণিজ্যমন্ত্রী জনাব তোফায়েল আহমেদ এমপি। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোঃ আবুল হোসেন মিয়া এগর সভাপতিত্বে উক্ত সেমিনারে আরও উপস্থিত থাকবেন এফবিসিসিআই-এর সভাপতি জনাব আবদুল মাতলুব আহমাদ, বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব হেদায়েতুল্লাহ আল মামুন, জাতীয় সংসদের বাণিজ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ তাজুল ইসলাম, জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার বাংলাদেশ প্রতিনিধি মি. মাইক রবসন এবং ভারতের বিশিষ্ট কনজুমারস এস্তিভিস্ট জনাব অমৃতলাল সাহা।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওষুধ প্রযুক্তি বিভাগের অধ্যাপক আ ব ম ফারুক সেমিনারের মূল নিবন্ধ উপস্থাপন করবেন এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগের অধ্যাপক মোঃ শাহাবুদ্দিন কবীর চৌধুরী মূল নিবন্ধের ওপর আলোচনা করবেন। স্বাগত বক্তব্য দেবেন ক্যাব-এর সভাপতি জনাব গোলাম রহমান।

ওই অনুষ্ঠানে সংবাদ সংগ্রহের জন্য আপনার পত্রিকা/বেতার/টেলিভিশন চ্যানেলের একজন রিপোর্টার ও একজন ফটোসাংবাদিক পাঠানোর জন্য অনুরোধ করছি।

বার্তা প্রেরক

(আনোয়ার পারভেজ)
তথ্য কর্মকর্তা, ক্যাব।
মোবাইল: ০১৭১৬৩১৪৬২৯